

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.২২.১৬৯

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯
১০ মে ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ-এর ২৬ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৬০ নম্বর স্মারকে জারিকৃত ছাড়পত্র মোতাবেক সিলেট জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউপি সচিবের শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগ/প্যানেল তৈরির জন্য সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা
ইউনিয়ন পরিষদ সচিব	১১(এগার) টি	জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক ১৪ তম বেতনগ্রেড ১০,২০০/---২৪,৬৮০/- (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন-ভাতা প্রাপ্য হবেন।	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্য দ্বিতীয় বিভাগ/সমমানের সিজিপিএ সহ স্নাতক বা সমমানের ডিগ্রী


- ০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি সিলেট জেলার ওয়েব সাইট (www.sylhet.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- ০৩। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত ছায়াছবি এবং সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। নির্ধারিত আবেদনপত্র ফরমটি কম্পিউটারে টাইপ করে পূরণ করতে হবে এবং A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। কম্পিউটারে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি শুধুমাত্র স্বাক্ষর করতে হবে এবং একটি ছবি আবেদনের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে।
- ০৫। প্রার্থীর বয়স ২০ জুন ২০২২ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা-এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল, স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
- ০৭। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ০৮। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- ০৯। চাকুরীর বিষয়ে কোনো প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- ১০। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। আবেদনপত্রের সাথে যে কোনো তফসীলি ব্যাংক হতে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- ১২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১৩। প্রার্থীকে নির্বাচনী (লিখিত ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৪। স্বাক্ষরবিহীন, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৫। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে নিজ নাম ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) সংবলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট ৯ ইঞ্চি X ৪ ইঞ্চি সাইজের খাম সংযুক্ত করতে হবে।

১৬। আবেদনপত্র জেলা প্রশাসক, সিলেট বরাবর আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছাতে হবে।

১৭। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১৮। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুণ্ণ থাকবে।



মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট

ফোন : ০৮২১-৭১৬১০০


ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.২২.১৬৯(১১)

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯
১০ মে ২০২২

অনুলিপি :

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, সিলেট
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
- ০৪। জেলা প্রশাসক----- (সকল)
- ০৫। ----- ও সদস্য, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।
- ০৬। জেলা-----কর্মকর্তা (সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান (সকল)-----উপজেলা পরিষদ, সিলেট। তাকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----সিলেট। তাকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। মেয়র (সকল)-----পৌরসভা, সিলেট। তাকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। তাকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক/ দৈনিক উত্তরপূর্ব/ Daily Bangladesh Post। তাকে বিজ্ঞপ্তি বহল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় উপযুক্ত পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট

ঢাকুরীর আবেদন ফরম

সে.মি. ৫×৫ ছবি
(সাম্প্রতিক তোলা ৬
কপি)

বরাবর

.....
.....
.....

১.	পদের নাম:														
২.	বিজ্ঞপ্তি নম্বর:						তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র

৩.	প্রার্থীর নাম:	বাংলায়:										
		ইংরেজিতে (বড় অক্ষরে):										

৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর:											(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:											
৫.	জন্ম তারিখ:						৬। জন্মস্থান: জেলা:					

৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস	দিন
----	---	-----	-----	-----

৮.	মাতার নাম:
----	------------

৯.	পিতার নাম:
----	------------

১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহলা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্ট কোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		

১১.	যোগাযোগ	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)
-----	---------	----------------------	-------------------

১২.	জাতীয়তা:	১৩.	জন্মতারিখ:
-----	-----------	-----	------------

১৪.	ধর্ম:	১৫.	পেশা:
-----	-------	-----	-------

১৬.	শিক্ষাগত যোগ্যতা:					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	শ্রেণি/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):
-----	------------------------------

১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে):
-----	---------------------------------------

১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা	এতিম/শারীরিক প্রতিবন্ধী		
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)	

২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:	তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র
	ব্যাংকের শাখান নাম:									

২১.	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন)	হ্যাঁ	না	প্রয়োজ্য নয়
-----	-----------------------------------	-------	----	---------------

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি জোগ করতে বাধ্য থাকবো।

তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র

প্রার্থীর স্বাক্ষর